বাংলাদেশের পরবর্তী সিরিজের সূচি

বিশ্বকাপ শেষে কোনো বিশ্রাম পাননি বাংলাদেশ ক্রিকেটাররা। ইংল্যান্ড থেকে দেশে ফিরেই শ্রীলংকা পাড়ি জমাতে হয়। লংকা সফর শেষে বৃহস্পতিবার দেশে ফিরেছেন তারা। এবার অবশ্য কিছুদিন বিরতি পাচ্ছেন টাইগাররা।

যদিও এরপর আবারো ক্রিকেট নিয়ে ব্যস্ত হয়ে পড়তে হবে তাদের। আগামী অক্টোবরে তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশে আসবে অস্ট্রেলিয়া। একই মাসে টাইগারদের সঙ্গে এক টেস্ট ও দুই টি-টোয়েন্টি ম্যাচ খেলতে ঢাকায় পা রাখবে আফগানিস্তান।

এর আগে সেপ্টেম্বরে আফগানিস্তান-জিম্বাবুয়েকে নিয়ে দেশের মাটিতে ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ আয়োজনের চিন্তা করেছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। তবে আপাতত সেটি স্থগিত থাকছে। কারণ, সম্প্রতি আইসিসির সদস্যপদ হারিয়েছে জিম্বাবুয়ে। অবশ্য আরেকটি দলকে আনার কথা জানিয়েছে বিসিবি। কিন্তু সেটি এখন্ও নিশ্চিত হয়নি।

ফলে লম্বা বিরতি পেতে পারেন তামিম-মুশফিকরা। প্রায় দুই মাস পর মাঠে নামতে হতে পারে তাদের। তবে এর পর টানা দুই মাস ব্যস্ত থাকতে হবে। অক্টোবরে আফগানিস্তানের বিপক্ষে সিরিজ শেষে নভেম্বরে ভারতের মাটিতে দুই টেস্ট ও তিন টি-টোয়েন্টি খেলতে যাবেন সাকিবরা। এ সফর দিয়েই চলতি বছর শেষ করবেন তারা।